

**শিক্ষা প্রতিষ্ঠানে**

**সাপ্তাহিক ছুটি**

শিক্ষা প্রতিষ্ঠানে সপ্তাহিক ছুটি গত ১৮শে সেপ্টেম্বর দৈনিক বাংলায় 'জনমত' কলামে শিক্ষা প্রতিষ্ঠানে সপ্তাহিক ছুটি শিরোনামে প্রকাশিত জনৈক বেগম মমতাজ হোসেনের লেখাটি আমার দৃষ্টি আকর্ষণ করেছে।

তিনি লিখেছেন অফিস-অফিসীদের সঙ্গে মিল রেখে শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে সপ্তাহে ২দিন বন্ধ রাখার কোন যৌক্তিকতা নেই। এ প্রসঙ্গে আমি বলতে চাই যে অফিস অফিসীদের কর্মচারীরা যদি সপ্তাহে দুই দিন ছুটি ভোগ করতে পারেন, তবে শিক্ষা প্রতিষ্ঠানের বেলায় তা প্রযোজ্য হবে না কেন?

শিক্ষকরাও মানুষ। প্রত্যহ সকাল ১১টা থেকে বিকাল ৫টা পর্যন্ত তাদের একটানা ক্লাশ করতে হয়। এটা মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকরাই করেন। সপ্তাহে একটানা ৪২ ঘণ্টা কাজ করার পর যদি একজন শিক্ষক সপ্তাহে ২দিন ছুটি ভোগ করেন, তবে তার জন্য এটা বেশী কিছু নয়। বরং দুদিন অবকাশ তাদের মন আরো সতেজ হতে উঠবে, কাজেও তারা উৎসাহ পাবেন। তাই শিক্ষা প্রতিষ্ঠানে ২দিন সপ্তাহিক ছুটি মোটেই অযৌক্তিক নয়। লেখিকা আরো স্পষ্টভাবে করেছেন যে শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে বছরে ৭/৮ মাস ক্লাস হয় কিনা সেদিকে তার অবগতির জন্য বলছি, শিক্ষামন্ত্রণালয় শিক্ষা প্রতিষ্ঠানের জন্য সংশোধনী ছুটি চালু করেছে। পূর্বে তুলনায় বর্তমানে ছুটি খুব কম। বর্তমান সরকার শিক্ষা প্রতিষ্ঠানের জন্য ৫০ দিন সাধারণ ছুটি ধারণ করেছেন। এর মধ্যে রমজান, গরীবী কালীন অবকাশ, পূজা ও অন্যান্য ছুটি ধরা হয়েছে। নৈমিত্তিক ছুটি মাত্র ৭দিন। আগে ছিলো ১৫দিন। কাজেই শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে বছরে ৭/৮ মাস ক্লাস হয় কিনা সেদিকে তার এই বক্তব্য সঠিক নয়। অতএব শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে সপ্তাহে দুই দিন ছুটি ধার্যই শ্রেয় এবং বাস্তবিক মনে করি।

আবদুল খলেক

সহকারী শিক্ষক

জয়দেবী উচ্চ বিদ্যালয়

নরায়ণগঞ্জ, ঢাকা।